Government of the People's Republic of Bangladesh
Local Government Division, MoLGRD&C
**Strengthening Women's Ability for Productive New Opportunities (SWAPNO) Project**
DPHE Building (8th floor), 14, Shahid Captain Mansur Ali Sharani, Kakrail, Dhaka-1000

UNDP
Empowered lives.
Resilient nations.

স্মারক নং: স্থাসবি/স্বপ্ন-২য় পর্যায়/বিবিধ পত্র/২০২৪/০০৫ তারিখ : ২৮ ফেব্রুয়ারী ২০২৪

বিষয়: "উৎপাদনশীল ও সম্ভাবনাময় কর্মের সুযোগ গ্রহণে নারীর সামর্থ্য উন্নয়ন (স্বপ্ন- ২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প সম্পর্কে অবহিতকরণ ও বাস্তবায়ন প্রসংগে।

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক "উৎপাদনশীল ও সম্ভাবনাময় কর্মের সুযোগ গ্রহণে নারীর সামর্থ্য উন্নয়ন (স্বপ্ন- ২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প ০১ জুলাই ২০২৩ হতে ৩০ জুন ২০২৬ সাল পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১২/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়েছে। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ১৪৮.৪০ কোটি (জিওবি ৭১.৬১ কোটি এবং প্রকল্প অনুদান ৭৬.৭৯ কোটি) টাকা। প্রকল্পটি বাংলাদেশের ১২টি অতিদরিদ্র ও দুর্যোগপ্রবণ জেলার ৩২টি উপজেলার ২৮৩টি ইউনিয়নে বাস্তবায়িত হবে। বাংলাদেশের জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল এবং সরকারের ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও ভিশন ২০৪১ এবং জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ২০৩০ এর আলোকে গ্রামীণ হতদরিদ্র ও অসহায় নারীদের কর্মসংস্থান ও বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের একটি মডেল সৃষ্টি করার অভিপ্রায়ে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। দারিদ্র্য বিমোচনে প্রকল্পটির কার্যাবলী নিম্নরূপঃ

ক. প্রকল্প কর্তৃক নির্ধারিত মানদন্ডের আলোকে প্রতিটি ইউনিয়নে ৩৬ জন নারী উপকারভোগী নির্বাচন;

খ. ইউনিয়ন পরিষদ কর্তৃক নির্ধারিত স্কিমের আওতায় বিভিন্ন রাস্তা-ঘাট মেরামত, পুকুর ও মাঠ সংস্কার, বাঁধ সংস্কার ও মেরামত, বৃক্ষরোপন ইত্যাদি বিবিধ কাজে উপকারভোগীদের জন্য ১২ মাসের কর্মসংস্থান সৃষ্টি;

গ. দৈনিক ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা হারে মজুরি প্রদান। তন্মধ্যে ভবিষ্যৎ বিনিয়োগ তহবিল সৃষ্টির লক্ষ্যে বাধ্যতামূলক সঞ্চয় বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা মজুরি প্রকল্প হিসাবে জমা হবে;

ঘ. নারী উপকারভোগীদের দক্ষতা অর্জনে ৬ টি বিষয়ে (স্বাস্থ্য ও পুষ্টি, নারী-পুরুষ সম্পর্ক উন্নয়ন, নারী অধিকার, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ মোকাবেলা, স্বশিক্ষণ সহজ হিসাব, নেতৃত্ব উন্নয়ন এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের করণীয়) প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান;

ঙ. সংশ্লিষ্ট জেলাসমূহে বাজার সম্ভাব্যতা যাচাইপূর্বক প্রশিক্ষণ চাহিদা নিরূপণ করে বিবিধ আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে নারীদের সম্পৃক্ত করার লক্ষ্যে কর্মদক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ প্রদান;

চ. যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী নারী উপকারভোগীদেরকে অধিকতর প্রশিক্ষণ প্রদানপূর্বক রপ্তানিমুখী শিল্প-কারখানায় আনুষ্ঠানিক নিয়োগ প্রদান;

ছ. ১২ মাসের চক্র সমাপ্তির পর বাধ্যতামূলক সঞ্চয় হিসেবে প্রাপ্ত এককালীন অর্থ বিনিয়োগের মাধ্যমে স্থানীয়ভাবে লাভজনক ক্ষুদ্র ব্যবসা চালুকরণে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান; এবং

জ. প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে ইউনিয়ন পরিষদগুলোকে প্লাস্টিক দূষণমুক্ত করা।

ইতোমধ্যে প্রকল্পটি ১ম, ২য় ও ৩য় চক্রে কুড়িগ্রাম, সাতক্ষীরা, লালমনিরহাট, গাইবান্ধা ও জামালপুর জেলার ২২৩ টি ইউনিয়নের মোট ১২৪৯২ জন নারী উপকারভোগীর আর্থ-সামাজিক উন্নয়নে প্রত্যক্ষ ভূমিকা পালন করেছে। প্রকল্পটি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার ৭ টি লক্ষ্য (১, ২, ৩, ৫, ৮, ১০ এবং ১৩) অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) কর্তৃক প্রকল্পের কার্যক্রম মূল্যায়নে দেখা যায় উপকারভোগীদের আয় বর্তমানে প্রায় ৬ গুণ বৃদ্ধি পেয়েছে, সঞ্চয়ের পরিমান এবং উৎপাদনশীল সম্পদের পরিমান প্রকল্পের আওতাভুক্ত নয় এমন খানার চেয়ে যথাক্রমে প্রায় ৪ গুণ এবং ৩ গুণ বৃদ্ধি পেয়েছে, এবং ৯০ শতাংশেরও বেশী উপকারভোগীর আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডে সিদ্ধান্তগ্রহণের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে।

বর্ণিত সাফল্যের ধারাবাহিকতায় স্বপ্ন- ২য় পর্যায় প্রকল্পটি গত ৬/১২/২০২৩ তারিখে প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত হয়েছে। প্রকল্পটি স্থানীয় সরকার বিভাগ, সুইডেন এ্যাম্বেসী, মেরিকো বাংলাদেশ এর আর্থিক সহযোগিতায় এবং ইউএনডিপি'র আর্থিক ও কারিগরি সহযোগিতায় ইউনিয়ন পরিষদ কর্তৃক বাস্তবায়িত হবে। ইউএনডিপি'র পার্টনার এনজিও ইএসডিও (ESDO)/সুশীলন (Shushilan)/ইপসা (YPSA) প্রকল্পের সার্বিক কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং এ ইউনিয়ন পরিষদকে সহযোগিতা করবে। প্রকল্পটির সার্বিক সমন্বয়ের জন্য ইউএনডিপি কর্তৃক দায়িত্বপ্রাপ্ত একজন জেলা ব্যবস্থাপক থাকবেন যিনি প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন ও মনিটরিং এর বিভিন্ন পর্যায়ে জেলা প্রশাসক, ডিডিএলজি এবং ইউএনওগণকে সম্পৃক্তকরণে সহযোগিতা করবেন।

উপপরিচালক, স্থানীয় সরকার আপনার তত্ত্বাবধায়ন ও নির্দেশনার আলোকে প্রকল্পটির জেলা পর্যায়ের কার্যক্রম সমন্বয় করবেন। প্রকল্প সংক্রান্ত বিষয়ে সম্যক ধারণা প্রদানের জন্য জেলার সংশ্লিষ্ট সকলকে নিয়ে সুবিধাজনক সময়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন করা হবে। জেলাপ্রশাসকের কার্যকর নেতৃত্ব ও আন্তরিক সহযোগিতা প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

বর্ণিতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ইউনিয়ন পর্যায়ে শতভাগ নারী উপকারভোগী নিয়ে বাস্তবায়িত "উৎপাদনশীল ও সম্ভাবনাময় কর্মের সুযোগ গ্রহণে নারীর সামর্থ্য উন্নয়ন (স্বপ্ন- ২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটি আপনার ইউনিয়নে সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে উপকারভোগী নির্বাচন প্রয়োজন।ইতোমধ্যে জেলা অবহিতকরণ কর্মশালায় বিস্তারিত অবগত হয়েছেন। উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া সহজ করার জন্য প্রকল্পের অপারেশন ম্যানুয়ালের অংশবিশেষ(সংযুক্তি-২.৫.১, ৪.১ ও ৪.২) প্রেরণ করা হলো। অতিসত্বর স্বপ্ন-২য় পর্যায়ের পূর্ণাঙ্গ অপারেশন ম্যানুয়াল আপনার বরাবর প্রেরণ করা হবে। উল্লেখ্য যে, সরকারী সম্পদ রক্ষণাবেক্ষণ করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি যেমন-১২টি কোদাল ও কাঠের হাতল, ৩টি দা, ৩টি দুর্মুজ ও কাঠের হাতল, ২৪টি ঝুড়ি, ৩টি কলস,৩টি রশি, ৩টি ত্রিপল ও ৩টি ব্যানার নির্ধারিত ভেন্ডর বা ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে প্রেরণ করা হবে যা ইউনিয়ন পরিষদের সম্পদ হিসাবে সংরক্ষিত করত: উপকারভোগী নির্বাচনের পরে তাদেরকে প্রদান করা হবে। এ বিষয়ে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

২৮/২/২৪

(আবু সেলিম মাহমুদ-উল হাসান)
যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ
ও
জাতীয় প্রকল্প পরিচালক
স্বপ্ন- ২য় পর্যায়
ইমেইল: salimmahmud216@gmail.com
মোবাইল: +৮৮ ০১৭১৭-২৮৭৭৫৫

জনাব ----------------------------------------------------
চেয়ারম্যান
-----------------------------------------------------ইউনিয়ন
উপজেলা ঃ
জেলা ঃ

Strengthening Women's Ability for Productive New Opportunities Project 2nd Phase
SWAPNO
2nd Phase

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জাতীয় প্রকল্প পরিচালকের কার্যালয়
"উৎপাদনশীল ও সম্ভাবনাময় কর্মের সুযোগ গ্রহণে নারীর সামর্থ্য উন্নয়ন (স্বপ্ন) ২য় পর্যায়

**ইউনিয়ন পরিষদ (UP) (সূত্র-২.৫.১, স্বপ্ন-২ অপারেশন ম্যানুয়াল)ঃ**
ইউনিয়ন পরিষদ স্বপ্ন প্রকল্পের পরিকল্পনা, বাস্তবায়ন এবং ব্যবস্থাপনা নিশ্চিত করাসহ সকল পর্যায়ের কার্যক্রমে অতি দরিদ্র এবং জেন্ডার সংবেদনশীলতা নিশ্চিত করার জন্য দায়বদ্ধ থাকবে। বাংলাদেশ সরকার এবং ইউএনডিপি'র বিধিমালা অনুযায়ী সঠিকভাবে হিসাব রক্ষণাবেক্ষণের জন্যও ইউনিয়ন পরিষদ প্রাথমিক দায়িত্ব পালন করবে।

**ইউনিয়ন পরিষদ এর ভূমিকা ও দায়িত্বসমূহঃ**
ক. স্বপ্ন প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রমে স্ট্যান্ডিং কমিটির "পারিবারিক বিরোধ নিরসন, মহিলা ও শিশু কল্যাণ" ভূমিকা নিয়ে আলোচনার জন্য একটি ইউপি সভার আয়োজন করা,
খ. একজন সম্ভাব্য নারী ইউপি সদস্যকে স্ট্যান্ডিং কমিটি'র সভাপতি এবং কমিউনিটি থেকে কমপক্ষে ৩ জন নারী সদস্যকে (প্রতিটি বৃহত্তর ওয়ার্ড থেকে একজন করে) আলোচনা এবং অংশগ্রহণমূলক উপায়ে নির্বাচিত করা,
গ. বছরব্যাপী রক্ষণাবেক্ষণের জন্য বহুল ব্যবহৃত সরকারি সম্পদ রক্ষণাবেক্ষণ/মেরামত কার্যক্রম যেমন মাটির রাস্তা, পাঁকা রাস্তার ঢাল, স্কুল মাঠ, বাঁধ, ফেরী ঘাটের সম্মুখ রাস্তা, কবরস্থান, শশ্মানঘাট, গ্রোথ সেন্টার, বাজার অঙ্গন এবং সরকারি অফিস প্রাঙ্গন নির্ধারণ ও নির্বাচন করা,
ঘ. প্রকল্প নির্দেশনা অনুসারে নারী উপকারভোগী নির্বাচন করা এবং উপজেলা কর্তৃপক্ষকে অবহিত করার জন্য তালিকা পাঠানো,
ঙ. স্ট্যান্ডিং কমিটি'র কার্যক্রম মনিটরিং করা এবং প্রকল্পের অগ্রগতি মূল্যায়ন এবং সমস্যা চিহ্নিতকরণের জন্য ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা করা এবং উন্নয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা,
চ. নির্দিষ্ট কোন স্কীমের ক্ষেত্রে অথবা নারী উপকারভোগী দল কর্তৃক অনিয়ম অথবা অসন্তোষজনক কার্যক্রমের জন্য সতর্কতা, স্থগিত বা চুক্তি বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা,
ছ. প্রতিটি নারী উপকারভোগী দল অথবা উপ-দলকে সরকারি সম্পদ রক্ষণাবেক্ষণ সংক্রান্ত রেজিস্টার, উপস্থিত রেজিস্টার এবং পরিদর্শণ রেজিস্টার সরবরাহ করা,
জ. স্ট্যান্ডিং কমিটি কর্তৃক নিয়মিতভাবে ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করা এবং প্রতিবেদনের অনুলিপি জেলা ব্যবস্থাপক-স্বপ্ন'কে উপজেলা কর্তৃপক্ষকে প্রেরণ করার জন্য পাঠানো,
ঝ. স্বপ্ন প্রকল্পের প্রয়োজনানুযায়ী বিভিন্ন উপাদানের প্রতিবেদন তৈরির জন্য সঠিকভাবে হিসাব পরিচালনা করা এবং বিল, ভাউচার, ক্যাশ বহিগুলি প্রকল্প সমাপ্তির পর ৭ বছরের জন্য সংরক্ষণ করা হবে। স্বপ্ন প্রকল্পের নিম্নলিখিত আর্থিক নথিগুলি ইউপি কর্তৃক সংরক্ষিত থাকবে:

- গ্রাজুয়েশনের পরে নারী উপকারভোগীদের জন্য উপস্থিত রেজিস্টার;
- উপকারভোগীদের কার্যক্রম মনিটরিং রেজিস্টার
- সরকারি সম্পদের তালিকা এবং রক্ষণাবেক্ষণ কার্যক্রমের জন্য ত্রৈমাসিক পরিকল্পনা তৈরি করা;
- ইউনিয়ন পরিষদের মূল ক্যাশ বহি যেটাতে স্বপ্ন ২ প্রকল্পের ক্যাশ বহি অন্তর্ভুক্ত থাকবে; এবং

আবু সেলিম মাহমুদ-উল হাসান
জাতীয় প্রকল্প পরিচালক
স্বপ্ন ২য় পর্যায়
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

"পারিবারিক বিরোধ নিরসন, মহিলা ও শিশু কল্যাণ" বিষয়ক স্ট্যান্ডিং কমিটি (সূত্র-২.৫.১, স্বপ্ন-২ অপারেশন ম্যানুয়াল)ঃ

ইউপি'র আওতাধীনে "পারিবারিক বিরোধ নিরসন, মহিলা ও শিশু কল্যাণ" বিষয়ক স্ট্যান্ডিং কমিটি গঠিত/পুনর্গঠিত হবে এবং স্বপ্ন প্রকল্পের কার্যক্রম তদারকি করার জন্য ইউপি'র সাথে নিবিড়ভাবে ও পরামর্শমূলক উপায়ে কাজ করবে।

| পদের নাম | পদের সংখ্যা | সদস্যপদ |
|---|---|---|
| সভাপতি | ১ | ইউপি'র একজন নারী সদস্য (২ বছর পর পর্যায়ক্রমে) |
| সদস্য সচিব | ১ | ইউপি সচিব |
| সাধারণ সদস্য | ৩ | ৩টি বৃহত্তর ওয়ার্ড থেকে নির্বাচিত ৩জন কমিউনিটি প্রতিনিধি |

**SWAPNO-II** প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে পারিবারিক বিরোধ নিরসন নারী ও শিশু কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি এবং ইউনিয়ন কর্মীর দায়িত্ব ও কর্তব্যঃ

ক. সরকারি সম্পদ রক্ষণাবেক্ষণ/মেরামত কার্যক্রম এবং নারী উপকারভোগী নির্বাচনে ইউনিয়ন পরিষদকে সহায়তা করা,
খ. বছরব্যাপী রক্ষনাবেক্ষণ কাজের প্রাপ্য দিনের উপর ভিত্তি করে পাক্ষিক ভিত্তিতে নারী উপকারভোগীদের মজুরি পরিশোধ করা,
গ. নারী উপকারভোগীদের কার্যক্রমের গুণগত মান নিশ্চিত করার জন্য মনিটরিং ও তত্ত্বাবধায়ন করা,
ঘ. স্কীম বাস্তবায়ন সম্পর্কিত কোন সমস্যা দেখা দিলে সেটা সমাধানের জন্য দ্রুততার সাথে পদক্ষেপ নেয়া,
ঙ. স্থানীয় পর্যায়ে সম্পদ উৎপাদন, ব্যবস্থাপনা এবং প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমে অংশগ্রহণ করার জন্য জনগণকে উদ্বুদ্ধ করা,
চ. নারী উপকারভোগী সদস্যরা যাতে কোন প্রকার কুসংস্কার ও ভয় ছাড়াই কাজ করতে পারে সেজন্য নিরাপদ ও ঝামেলামুক্ত কর্মপরিবেশ নিশ্চিত করা,
ছ. কর্মএলাকাতে নারী উপকারভোগীদের নিয়মিত এবং সময়মত উপস্থিতি নিশ্চিত করা,
জ. নারী উপকারভোগীদেরকে পাক্ষিকভিত্তিক রক্ষণাবেক্ষণ কার্যক্রম বরাদ্দ করা এবং সেই অনুযায়ী তাদের কাছ থেকে কাজ বুঝে নেওয়া,
ঝ. ত্রৈমাসিক ভিত্তিতে পর্যালোচনা এবং সমন্বিত প্রতিবেদন প্রস্তুত করার জন্য সরকারি সম্পদ রক্ষণাবেক্ষণ কার্যক্রমের রেকর্ড নথিভূক্ত করা,
ঞ. নারী সদস্যদের সাথে কার্যক্রম পরিচালনার সময় ইউপিকে অতি দরিদ্র এবং জেন্ডার সংবেদনশীল হতে প্রভাবিত করা।

সরকারি সম্পদ নির্বাচন প্রক্রিয়াঃ (সূত্র-৫.১ এবং ৫.২, স্বপ্ন-২ অপারেশন ম্যানুয়াল)

ইউনিয়ন পরিষদ প্রতিটি চক্রের বছরব্যাপী রক্ষণাবেক্ষণ কার্যক্রমের জন্য ইউনিয়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ সরকারি সম্পদ নির্বাচনের প্রাথমিক দায়িত্ব পালন করবে। সম্পূর্ণ নির্বাচন প্রক্রিয়ায় ইউপি স্ট্যান্ডিং কমিটি'র সদস্যদের সহায়তা গ্রহণ করবে। ইউপি নিম্নলিখিত কার্যক্রমগুলি পারচালনা করবে:

ক. ইউপি চেয়ারম্যান নির্বাচনের শর্তাবলি অনুসরণ করে সরকারি সম্পদ/কাজ চিহ্নিত করার জন্য সংশ্লিষ্ঠ স্থায়ী কমিটি ও ওয়ার্ড সদস্য এবং প্রতিটি ওয়ার্ডের কমিউনিটির সাথে একটি সভার জন্য আমন্ত্রণ জানাবেন।

খ. ইউপি জনগোষ্ঠীভিত্তিক ঝুঁকি নিরূপণ (সিআরএ) এবং ঝুঁকি হ্রাস কর্মপরিকল্পনা (আরআরএপি'স) বিবেচনায় রাখতে পারে (বিদ্যমান থাকলে), গুরুত্বপূর্ণ সরকারি সম্পদ চিহ্নিত করার জন্য যেটা জলবায়ু পরিবর্তন/দুর্যোগ সংক্রান্ত বিপদাপন্নতা হ্রাস করতে পারে।

গ. ইউপি কর্তৃক সরকারি সম্পদের তালিকা প্রস্তুতি সম্পন্ন করার পর, তালিকাটি জেলা ব্যবস্থাপক-স্বপ্ন এর মাধ্যমে স্ব স্ব উপজেলা কর্তৃপক্ষকে অনুমোদনের জন্য পাঠাবে।

সরকারি সম্পদ/ কাজ নির্বাচনের শর্তাবলিঃ

সরকারি সম্পদ রক্ষণাবেক্ষণের সম্পূর্ণ নির্বাচন প্রক্রিয়ায় নিম্নলিখিত নির্বাচনের শর্তাবলি অনুসরণ করতে হবে:

ক. অংশগ্রহণমূলক নির্বাচন প্রক্রিয়া।

খ. কমিউনিটি কর্তৃক বহুল ব্যবহৃত সরকারি সম্পদ/কাজ অথবা সম্পদ যেটি দুর্যোগের ঝুঁকি হ্রাস ও জলবায়ু পরিবর্তনজনিত বিপদাপন্নতা কমাতে পারে।

গ. নির্বাচন প্রক্রিয়ায় নিম্নলিখিত সরকারি সম্পদকে অগ্রাধিকার দেওয়া হবে:

১. উপজেলার সাথে হাট/বাজার/উন্নয়ন কেন্দ্রের গুরুত্বপূর্ণ সংযোগ সড়ক অথবা ইউনিয়ন সদর দপ্তরের সাথে উপজেলা সদর দপ্তরের সংযোগ সড়ক

২. গ্রামগুলির সংযোগ সড়ক এবং খামারগুলির সাথে স্থানীয় বাজার এবং ইউনিয়ন সদর দপ্তরের সংযোগ সড়কসমূহ

৩. গ্রামের মধ্যের সড়কসমূহ এবং গ্রামগুলিকে স্থানীয় স্কুল, ফেরী ঘাট, কবরস্থান, শশ্মান ইত্যাদির সাথের সংযোগ সড়কসমূহ

৪. ধাতব/পিচের রাস্তার ঢালসমূহ

৫. বাঁধ, ভেড়ি, নদী ভাঙ্গন রোধকল্পে গাইডওয়াল মেরামত ও স্থাপন করা

৬. খালগুলির পুনঃখনন, সেচ সুবিধার উন্নয়নের জন্য মাটির ড্রেন খনন করা

৭. জলাবদ্ধতা/ জলোচ্ছ্বাস থেকে সরকারি সম্পদ রক্ষার জন্য মাটি উঁচু করা

৮. বৃক্ষরোপণ এবং রক্ষণাবেক্ষণ (স্ট্রীপ অথবা ব্লকভিত্তিক বৃক্ষরোপণ)

ঘ. সরকারি সম্পদ/কাজ যেটা নেতিবাচক পরিবেশগত এবং সামাজিক প্রভাব ফেলে সেটা নির্বাচন করা হবে না, যেমন শশ্মানের ভিতরের রাস্তা এবং বন অধিদপ্তর, পরিবেশ এবং বন মন্ত্রণালয়ের অধীনের বনভূমি, সরকারি সম্পদ (বৃক্ষরোপন ব্যতীত) যেটা সুন্দরবনের প্রান্ত থেকে ৩ কিলোমিটারের মধ্যে অবস্থিত অথবা অন্য কোন বন্য প্রাণীর অভয়ারণ্য/সংরক্ষিত এলাকা এবং সরকারি সম্পদ যেটা একটা ক্ষয়িষ্ণু নদীর কিনার থেকে ৩০০ মিটারের মধ্যে অবস্থিত।

নারী উপকারভোগী নির্বাচন প্রক্রিয়াঃ(সূত্র-৪.১ এবং ৪.২ স্বপ্ন-২ অপারেশন ম্যানুয়াল)ঃ

ইউনিয়ন পরিষদ সরকারি নিয়োগ উপাদানের অধীনে নারী উপকারভোগী নির্বাচনের জন্য প্রাথমিক দায়িত্ব পালন করবেন। ইউপি সম্পূর্ণ নির্বাচন প্রক্রিয়ায় পার্টনার এনজিওসমূহ, সংশ্লিষ্ট এবং গ্রামের সম্প্রদায়/সুশীল সমাজের সদস্যদেরকে যুক্ত করবেন। উপকারভোগী নির্বাচন চূড়ান্ত করার জন্য নিম্নলিখিত ধাপগুলি অনুসরণ করতে হবে:

ধ) উপকারভোগী নির্বাচন করার এক মাস পূর্বে সংশ্লিষ্ট ইউপি নারী উপকারভোগী নির্বাচনের একটি পরিকল্পনা/ শিডিউল তৈরি করবে। ইউপি এই পরিকল্পনাটি উপজেলা কর্তৃপক্ষ এবং জেলা ব্যবস্থাপক- স্বপ্ন'কে অবহিতকরণ এবং মন্তব্যের জন্য পাঠাবে।

ন) নারী উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া তত্ত্বাবধায়ন করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে ইউপি কর্তৃক স্ট্যান্ডিং কমিটিকে নিযুক্ত করা হবে ।

প) সম্ভাব্য নারী প্রার্থীদের তথ্য ডিজিটাল উপায়ে যাচাই করা হবে এবং নারী উপকারভোগী নির্বাচনের জন্য একটি ডিজিটাল এ্যাপ্লিকেশন ব্যবহার করা হবে।

তথ্য প্রচার

ক. নারী উপকারভোগী নির্বাচনের তথ্য সংশ্লিষ্ট এলাকাগুলিতে ঢোল ও লাউডস্পীকার বাজিয়ে, পোস্টার পেপার, লিফলেট, এবং মৌখিকভাবে ব্যাপকভাবে প্রচার করা হবে।

খ. তথ্য ঘোষণা করার সময় নারী উপকারভোগী নির্বাচনের শর্তাবলি, তারিখ, সময় এবং স্থান অবশ্যই উল্লেখ করা হবে।

গ. নির্বাচনের দিন সর্বাধিক সংখ্যক অতি দরিদ্র নারীর উপস্থিতি নিশ্চিত করার জন্য এই ঘোষণাটি ইউপি'র ৯টি ওয়ার্ডেই সমভাবে দেয়া হবে।

ঘ. নির্বাচনের দিন প্রতিটি বৃহত্তর ওয়ার্ড (নারী সদস্যদের ওয়ার্ড) থেকে কমপক্ষে ৩০ জন নারীর উপস্থিতি নিশ্চিত করতে হবে।

নারী উপকারভোগী নির্বাচনের শর্তাবলিঃ

নিম্নলিখিত শর্তাবলি বিবেচনা করে নারী উপকারভোগী নির্বাচিত হবে:

ক. প্রার্থীকে অবশ্যই ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং বয়স হবে ১৮ থেকে ৪৫ বছর;

খ. প্রার্থীকে অবশ্যই পরিবারের প্রধান হিসাবে দায়িত্ব পালনকারী গ্রামীণ নারী হতে হবে, যিনি হতে পারেন বিধবা, তালাকপ্রাপ্ত*, বিচ্ছিন্ন/পরিত্যক্ত**, অথবা বিবাহিত নারী যার স্বামী অর্থ উপার্জন করতে সক্ষম নয় (যেমন শারীরিক, মানসিক, দৃষ্টি বা শ্রবণ প্রতিবন্ধি বা বয়স সম্পর্কিত প্রতিবন্ধিতা আছে);

গ. প্রার্থীর খাদ্য নিরাপত্তার অবস্থা অবশ্যই বিপদাপন্ন হতে হবে অর্থাৎ যিনি প্রতিদিন তার পরিবারকে ৩ বেলা সুষম খাবার দিতে সক্ষম নয় ;

ঘ. ১৮ থেকে ৩০ বছর বয়সী নারীরা আনুষ্ঠানিক সেক্টরে চাকুরীতে প্রবেশের জন্য কারিগরি প্রশিক্ষণের সুযোগ পাবে (সরকারি কাজে নিয়োগের সময়);

ঙ. ৩১ থেকে ৪৫ বছর বয়সী নারীরা উদ্যোক্তা এবং ক্ষুদ্র ব্যবসা উন্নয়নের উপর প্রয়োজন মাফিক প্রশিক্ষণ পাবেন (সরকারি কাজে নিয়োগের সময়);

চ. প্রার্থীকে অবশ্যই নিম্ন অর্থনৈতিক মর্যাদাসম্পন্ন হতে হবে, কম বা কোন সম্পদ নেই, ভিক্ষা করতে বাধ্য অথবা কম মজুরিতে কাজ করতে বাধ্য হয় এবং যার পরিবারের মাসিক গড় আয় ৫০০০ টাকার কম।

ছ. তালাকপ্রাপ্ত/ বিধবা/পরিত্যক্ত নারী যাদের উপর নির্ভরশীল শিশু রয়েছে এবং ট্রান্সজেন্ডারদেরকে প্রথমিক বাছাইয়ে অগ্রাধিকার দেয়া হবে;

জ. প্রার্থীকে অবশ্যই সরকারি কাজ সম্পাদন করার জন্য শারীরিক এবং মানসিকভাবে সুস্থ হতে হবে; এবং

ঝ. প্রার্থী অন্য কোন নিরাপত্তা বেষ্টনি প্রকল্পসমূহ যেমন ভিজিডি, আরআরএমপি, বিধবা ভাতা, যত্ন এবং অন্যান্য সরকারি/বেসরকারি/আন্তর্জাতিক সংস্থাসমূহের উপকারভোগী নয় এটা নিশ্চিত করা;

নারী উপকারভোগীদের চূড়ান্ত নির্বাচন প্রক্রিয়াঃ

নারী উপকারভোগীকে চূড়ান্তভাবে বাছাই করার জন্য নির্বাচিত সকল সদস্যের সামনে ইউপি একটি উন্মুক্ত লটারী পদ্ধতি পরিচালনা করবে। প্রার্থীরা প্রয়োজনীয় শর্তাবলি পূরণ করে কিনা তা যাচাই করার জন্য স্ট্যান্ডিং কমিটি একটি দ্রুত সাক্ষাৎকার নিতে ইউপিকে সহায়তা করবে এবং শুধুমাত্র যেসব উপকারভোগী সকল শর্তাবলি পূরণ করে তাদেরকে চূড়ান্ত সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। সরকারের অগ্রাধিকারমূলক কার্যক্রমের (দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন) অংশ হিসেবে অদক্ষ গ্রামীণ নারীদের জনশক্তিতে রূপান্তরের লক্ষ্যে প্রতি ওয়ার্ডে বয়সভিত্তিক আলাদাভাবে দুইবার লটারি অনুষ্ঠিত হবে। এই পর্যায়ে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করা হবে:

১) সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার প্রার্থীরা সঠিক তথ্য দিয়েছে কিনা সেটা নিশ্চিত করার পর স্ট্যান্ডিং কমিটি ইউপি চেয়ারম্যানের সহায়তায় প্রার্থীকে যাচাইকরণ/শনাক্তকরণের জন্য সাক্ষাৎকার গ্রহণ করবে। প্রার্থীদের সাক্ষাৎকারের সময়ে, টিম অবশ্যই প্রার্থী ইউনিয়নের স্থানীয় বাসিন্দা কিনা সেটা নিশ্চিত করার জন্য ভোটার আইডি কার্ড দেখবে যা ডিজিটাল পদ্ধতিতে যাচাই করা হবে।

২) সকল তথ্য নির্ধারিত সাক্ষাৎকার ডিজিটাল এ্যাপসের মাধ্যমে রেকর্ড করা হবে। সাক্ষাৎকারের সময়, ইউপি অবশ্যই চাকুরী প্রার্থীদের দারিদ্র্যতা এবং দরিদ্র অবস্থাকে সাধারণীকরণ করবে না এবং তালাকপ্রাপ্ত, বিচ্ছিন্ন/পরিত্যক্ত এবং প্রতিবন্ধি স্বামীর সংজ্ঞা অনুসরণ করবে। নারী উপকারভোগীর অবস্থা সম্পর্কে অত্যন্ত সতর্ক এবং বিস্তারিত তথ্য নথিভূক্ত করা হবে। সাক্ষাৎকার সমাপনীর উপর ভিত্তি করে ইউপি সম্ভাব্য প্রার্থীদেরকে লটারির জন্য নির্বাচন করবে। সম্ভাব্য প্রার্থীদের ওয়ার্ডভিত্তিক তালিকা তৈরি করা হবে এবং তালিকাটি ইউপি কর্তৃক সংরক্ষিত থাকবে। ঝরে পড়া, মৃত্যু অথবা চাকুরি চলমান রাখতে অনাগ্রহী নারী উপকারভোগীদের তালিকাটি ভবিষ্যৎ নিয়োগের জন্য অপেক্ষমান তালিকা হিসাবে সংরক্ষিত থাকবে।

৩) ইউপি কর্তৃক ওয়ার্ডভিত্তিক লটারি পরিচালনার সময় প্রতিটি ওয়ার্ড থেকে নারী প্রার্থী এবং কমিউনিটি প্রতিনিধি উপস্থিত থাকবে।

৪) প্রথম পর্যায়ে, ১৮-৩০ বছর বয়সী নারী প্রার্থীদের নাম অন্তর্ভূক্ত করে লটারী অনুষ্ঠিত হবে। প্রার্থীদের মধ্য থেকে প্রতি ইউনিয়নে (৯ ওয়ার্ডের জন্য) কমপক্ষে ১৮জনকে বাছাই করা হবে। এক্ষেত্রে প্রতি ওয়ার্ডে ২জন এর অধিক প্রার্থী উপস্থিত না থাকলে উক্ত ওয়ার্ডে ১০ জনের মধ্যে একবার লটারী অনুষ্ঠিত হবে।

৫) দ্বিতীয় পর্যায়ে, ১৮-৪৫ বছর বয়সী প্রার্থীদের মধ্যে লটারী অনুষ্ঠিত হবে। এর মধ্যে প্রথম লটারী থেকে বাদ পড়া নারী প্রার্থীদের নাম অন্তর্ভূক্ত করা হবে। যদি কোন ইউনিয়নে শর্তাবলি অনুযায়ী কাঙ্খিতহারে উপযুক্ত প্রার্থী পাওয়া না যায়, তাহলে এই প্রকল্পের কাজ অন্য কোন ইউনিয়ন বা উপজেলায় স্থানান্তর করার জন্য জেলা প্রশাসক বরাবর সুপারিশ করা হবে।

৬) কোন ওয়ার্ডে ১০ জনের কম উপযুক্ত প্রার্থী থাকলে সে ওয়ার্ডের জন্য লটারী করা হবে না; তবে পুনঃরায় নির্বাচনের তারিখ নির্ধারন করা যাবে।

৭) লটারীর পর প্রাথমিকভাবে প্রতি ইউনিয়নে ৩৬ জনকে নির্বাচিত করা হবে এবং বাকী সকল প্রার্থীই অপেক্ষমান তালিকায় থাকবে। যদি কোন প্রার্থীকে বাদ দেওয়া হয় বা চাকুরি করতে অপারগতা জানায় বা মারা যায় তাহলে এই তালিকার মধ্যেই পুনঃরায় লটারী করে সমসংখ্যক সদস্য নির্বাচন করা হবে।

৮) লটারি শেষে ফলাফল ঝুলিয়ে দেয়ার সময়, একটি দল গঠন করা হবে যে দলটি জেলা ব্যবস্থাপক-স্বপ্ন, পার্টনার এনজিও, ডিডিএলজি র সমন্বয়ে গঠিত হবে যারা সাক্ষাৎকারের সময় প্রদান করা তথ্যের সত্যতা যাচাই করার জন্য পরবর্তী ৭ দিনের মধ্যে প্রাথমিকভাবে নির্বাচিত নারী উপকারভোগীদের বাড়ি পরিদর্শন করবে এবং সঠিক তথ্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যাকে অবহিত করবে। বাড়ি পরিদর্শণ সমাপ্তির উপর ভিত্তি করে উপকারভোগীদেরকে চূড়ান্তভাবে নির্বাচন করা হবে। ইউপি আরও ঘোষণা করবে যে, যদি পরিদর্শণ দল দ্বারা প্রমাণিত হয় যে কোন প্রার্থী মিথ্যা তথ্য দিয়েছে তাহলে সে চূড়ান্ত তালিকা থেকে বাদ পড়বে।

৯) যদি প্রদানকৃত তথ্যের মধ্যে কোন মিল না থাকে তাহলে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদেরকে সাক্ষাৎকারের সময় সম্ভাব্য প্রার্থীদের তালিকা থেকে প্রতিস্থাপন করা হবে। এটিও লটারির মাধ্যমে করা হবে, উপরেল্লিখিত একই নির্বাচন প্রক্রিয়া অনুযায়ী।

১০) চূড়ান্তভাবে নির্বাচিত ৩৬ জন নারী উপকারভোগীদের পক্ষে একজন দলনেতার সাথে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের একটি চুক্তি সাক্ষরিত হবে ।

১১) উপজেলা কর্তৃপক্ষ উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া তত্ত্বাবধায়ন করবে এবং যদি কোন অনিয়ম অথবা নীতি লঙ্ঘন ধরা পড়ে, সেটা ইউনিয়ন পরিষদকে অবহিত করা হবে এবং নির্বাচন প্রক্রিয়া বাতিল করা হতে পারে।

** তালাকপ্রাপ্ত: তালাকপ্রাপ্ত নারীদের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ বা বিবাহ রেজিস্টার দ্বারা বৈধ কাগজপত্র প্রত্যায়িত হতে হবে।*

** বিচ্ছিন্ন/পরিত্যক্ত: স্বামীর সাথে কমপক্ষে দুই বছর কোন যোগাযোগ নেই, বাবা-মা/ভাই/বোন/অন্য কোন মাধ্যম থেকে কোন সহযোগিতা পায় না, সম্পূর্ণভাবে নিজের উপর নির্ভরশীল এবং নিয়োগকালীন সময়ের মধ্যে স্বামীর সাথে পুনর্মিলিত না হওয়ার জন্য প্রতিজ্ঞাবদ্ধ এবং নিয়োগকালীন সময়ের মধ্যে আর্থিকভাবে স্বাবলম্বী থাকবে। (পূর্ববর্তী প্রকল্পতে, স্বামী-স্ত্রীর মধ্যে বেশ কয়েকটি পুনর্মিলন এর ঘটনার রিপোর্ট হয়, যেখানে দেখা গিয়েছে নারী কর্মী সদস্যের অর্জিত সম্পদ ও সঞ্চয়কৃত অর্থ তার স্বামী নিয়ে চলে গিয়েছে। প্রকল্প শেষে, দাতা সংস্থার কাছে এসব নারী কর্মী সদস্যদের আর্থ- সামাজিক পরিবর্তন দেখানো সম্ভব হয়নি। কিছু অপমৃত্যুর ঘটনাও রিপোর্টেড হয়।*

* প্রতিবন্ধিতা: স্বামী সম্পূর্ণরূপে শয্যাশয়ী চলাচল কততে অক্ষম এমনকি ভিক্ষা পর্যন্ত করতে যেতে পারে না।

চুড়ান্ত নির্বাচন ঃ
বাড়ী পরিদর্শন এবং তথ্য যাচাই করার পর ইউপি চেয়ারম্যান, স্থায়ী কমিটির সভাপতি এবং ইউপি সচিবের স্বাক্ষরিত চুড়ান্ত তালিকা ইউপি নোটিশ বোর্ডে টানানোর ব্যবসস্থা করা হবে। একটি কপি অবশ্যই SWAPNO-II ইউনিয়ন ফাইলে সংরক্ষন করবেন এবং একটি কপি স্বপ্ন প্রকল্প অফিসে প্রেরন করতে হবে।

মহিলা কর্মী ছাটাইকরণ ঃ(সূত্র- ৪.৮ স্বপ্ন-২ অপারেশন ম্যানুয়াল)

- চুড়ান্ত নিয়োগ দেয়ার পূর্বে প্রতিটি নির্বাচিত সদস্যের বাড়ি গিয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন ওয়ার্কার প্রার্থীর দেয়া তথ্য যাচাই করবেন এবং যদি তথ্যাদি মিথ্যা প্রমাণিত হয় তাহলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্বাচন কমিটির কাছে সুপারিশ করবেন।
- কোন মিথ্যা তথ্যের ভিত্তিতে কর্মীদলের সদস্য নির্বাচিত হলে উপজেলা নির্বাহী কর্মকর্তা তাকে ছাঁটাই/অব্যাহতি প্রদান করবে।

মহিলা কর্মী দলের সদস্যদের প্রতিস্থাপন ঃ

- যদি কোন মহিলা কর্মী পদত্যাগ করে, অথবা চাকুরী হতে ছাঁটাই করা হয় অথবা মৃত্যুবরন করে তখন তার স্থলে নতুন সদস্য প্রতিস্থাপনের জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড থেকে অপেক্ষমান তালিকা থেকে উন্মুক্ত লটারীর মাধ্যমে মহিলা কর্মী নির্বাচন করা হবে।
- এ প্রতিস্থাপন কার্যক্রম পুরাতন সদস্যের পদত্যাগ/চাকুরী থেকে ছাঁটাই/মৃত্যুর ১০ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে।
- সহযোগী এনজিও ও পারিবারিক বিরোধ নিরসন, নারী ও শিশু কল্যাণ স্থায়ী কমিটির সদস্যগণ নতুন সদস্যকে রাস্তা রক্ষণাবেক্ষণের বিধি-বিধান সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করবেন।

প্রচারপত্র বা বিজ্ঞপ্তি(নমুনা)

একটি বিশেষ ঘোষনা (২)। প্রিয় এলাকাবাসী আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগ কতৃক বাস্তবায়িত্ব **'SWAPNO-II'** প্রকল্পের কাজ -------- ইউনিয়নে শুরু হতে যাচ্ছে। এ প্রকল্পের কর্মী হিসাবে ৩৬ জন হতদরিদ্র, বিধবা, তালাকপ্রাপ্তা মহিলা নির্বাচন করা হবে। নির্বাচিত মহিলা কর্মীগণ ১২ মাসের জন্য **SWAPNO-II** প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারী সম্পদ উন্নয়ন ও রক্ষণাবেক্ষনের কাজ করবেন। আগামী --------- রোজ ---বার সকাল ৯.০০ ঘটিকার সময় --------- পরিষদ মাঠে কর্মী নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হবে। এ প্রকল্পে নিয়োগ পাবার শর্তাবলী :

ক) প্রার্থীকে ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং ১৮-৪৫ বছর বয়সী হতে হবে।

খ) প্রার্থীকে অবশ্যই গ্রামীণ পরিবারের প্রধান হতে হবে এবং বিধবা, তালাক প্রাপ্তা, স্বামী পরিত্যক্তা ও বিবাহিত মহিলা (যার উপার্জনে অক্ষম শারীরিক ও মানসিক প্রতিবন্ধী স্বামী রয়েছে)।

গ) প্রার্থী নিশ্চিতভাবে খাদ্য নিরাপত্তাহীনতার শিকার এবং পরিবারের সদসগণের জন্য তিন বেলা আহার জোটাতে অক্ষম।

ঘ) প্রার্থী নিশ্চিতভাবে নিম্নতর আর্থিক অবস্থার অধিকারী, সম্পদ একবারেই নেই অথবা খুবই নগন্য কিংবা জীবন ধারণের জন্য ভিক্ষা করতে বাধ্য অথবা নিম্ন মজুরির কর্ম সংস্থানে রাজী হচ্ছে।

ঙ) বিধবা ও তালাক প্রাপ্তা মহিলা যাদের উপর নির্ভরশীল ছেলে-মেয়ে রয়েছে - তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

চ) প্রার্থীকে অবশ্যই মানসিকভাবে সুস্থ্য এবং রাস্তা রক্ষণাবেক্ষণ কাজ ও জনগণের সম্পদ উন্নয়নের জন্য শারীরিক সামর্থ্য থাকতে হবে।

ছ) ক্ষুদ্র নৃগোষ্ঠি/আদিবাসি/দলিত সম্প্রদায়ের সদস্যদের অগ্রাধিকার প্রদান করা হবে।

**SWAPNO-II** প্রকল্পের নিয়োগ পেতে কোন পর্যায়েই কোন ধরনের আর্থিক লেনদেন করবেন না।
আগ্রহী মহিলাদের যথা সময়ে ইউনিয়ন পরিষদ মাঠে ভোটার আইডি কার্ড সহ উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে।

ইউপি চেয়ারম্যান
------------- ইউনিয়ন পরিষদ

আবু সেলিম মাহমুদ-উল-হাসান
জাতীয় প্রকল্প পরিচালক
স্বপ্ন ২য় পর্যায়
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়